# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ
## (২০২৬ ইং সনের ২০ নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, অদ্য ২০ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০ঃ৩০ মিনিট হইতে আগামী ২৬ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ তারিখ রোজ সোমবার বিকাল ০৪ঃ১৫ মিনিট পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইলঃ

১. **বিচারপতি শিকদার মাহমুদুর রাজী**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ ইং সনের কোম্পনী আইনের ১২-১৩, ৮১, ৮৫, ২২৮-২২৯, ৫৯-৬০, ১৫৯ এবং ১৭১ ধারামতে আবেদনপত্র গ্রহণ করিবেন; অগ্রাধিকার ভিত্তিতে একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয়; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদী সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, অত্র কোম্পানী বেঞ্চ কাগজমুক্ত (Paper free) হওয়ায় ই-ফাইলিং আবশ্যক। যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদপত্র গ্রহণ করিবেন।

স্বাঃ/-

**বাংলাদেশের প্রধান বিচারপতি**
তারিখঃ ২০ জানুয়ারি, ২০২৬ খ্রি.

প্রচারের জন্য ঃ-

১। বিচারপতি শিকদার মাহমুদুর রাজী